

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
পরিবেশ অধিশাখা-২  
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/২১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২২.০০.০০০০.০৭৩.৩৭.০০২.২০১৫-৩০৪—জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি)-এর ৯ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ফিলিপাইন-এর IRRI তে, IRS495-274 ইভেন্ট উদ্ভূত Fe ও Zn সমৃদ্ধ ব্রি ধান-২৯ ট্রান্সজেনিক ধানের বীজ আমদানিপূর্বক নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কনটেইন্ড পরীক্ষণ পরিচালনার লক্ষ্যে অনুমোদন প্রদান করা হল:

- (ক) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বায়োসেফটি গাইডলাইন অব বাংলাদেশ এবং কার্টাগেনা প্রটোকল অনু বায়োসেফটি অনুযায়ী Fe ও Zn সমৃদ্ধ IRS495-274 ইভেন্ট উদ্ভূত ব্রি ধান-২৯ ট্রান্সজেনিক ধানের বীজ এর ট্রান্সবাউন্ডারি মুভমেন্ট এবং হ্যান্ডলিং কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- (খ) উক্ত ট্রান্সজেনিক ধানের বীজ আমদানি এবং কনটেইন্ড (আবদ্ধ) পরীক্ষণ-এর কার্যক্রম বায়োসেফটি গাইডলাইন অব বাংলাদেশ, ২০০৮ অনুসরণপূর্বক পরিচালনা করতে হবে।
- (গ) Fe ও Zn সমৃদ্ধ IRS495-274 ইভেন্ট উদ্ভূত ব্রি ধান-২৯ ট্রান্সজেনিক ধানের বীজ আমদানি থেকে শুরু করে কনটেইন্ড পরীক্ষণ পরিচালনার কোন্ পর্যায়ে কী কী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সম্পন্ন করা হবে এবং প্রতিটি ধাপে কী-কী বায়োসেফটি মেজারস্ গৃহীত হবে এবং তার মনিটরিং পদ্ধতির একটি রুপরেখা এনসিবি এবং বিসিসি-কে অবহিত করতে হবে;
- (ঘ) আবদ্ধ পরীক্ষণ চলাকালীন বায়োসেফটি মেজারস-এর পুঙ্খানুপুঙ্খ বিবরণসহ প্রতি ১৫ দিন অন্তর এনসিবি এবং বিসিসি বরাবরে প্রতিবেদন দাখিল করতে হবে;

(১৭৮২৯)

মূল্য : টাকা ৪.০০

- (ঙ) পরীক্ষণাধীন অবস্থায় Fe ও Zn সমৃদ্ধ IRS495-274 ইভেন্ট উদ্ভূত ব্রি ধান-২৯ ট্রান্সজেনিক ধানের বীজ এবং এর কোনো ট্রান্সজেনিক বৈশিষ্ট্য যদি পরিবেশে ছড়িয়ে পড়ে সে ক্ষেত্রে যে কোনো বিরূপ প্রভাবের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে এবং এক্ষেত্রে প্রচলিত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক/ক্ষতিপূরণমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (চ) পরীক্ষণটি শুধু আবদ্ধ অবস্থায় কনটেইনড্ গ্রীণ হাউজে সম্পন্ন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোরশেদা ইয়াসমীন  
উপসচিব।